



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

২ নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা

www.bmeeb.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,

শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭,১৬,০০০,০০৯,১৬,০০৮,২৩,৩১৫৬

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: অবহিতকরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বগুড়া জেলার গাবতলী উপজেলায় মহিষাবান মকছেদিয়া আলিম মাদ্রাসার গভার্ণিং বড়ির সভাপতি পদ বিষয়ক মহামান্য হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং-10752/2022 নিষ্পত্তি হয়েছে মর্মে মাদ্রাসার অধ্যক্ষ বোর্ডকে অবহিত করেন। দাখিলকৃত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায়, গভার্ণিং বড়ির সভাপতি মনোনয়নের ক্ষেত্রে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বড়ি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, 2009 (2012 পর্যন্ত সংশোধিত) এর ধারা 5(3) এর বর্ণিত হয় যে, “উপ-প্রবিধান (2) এর অধিন আলিম স্তরের বেসরকারি মাদ্রাসা ব্যতীত অন্যান্য আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার গভার্ণিং বড়ির সভাপতি মনোনয়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য ও শিক্ষানুরাগী ব্যক্তিগণের সহিত আলোচনাক্রমে, সংরক্ষিত আসনের জাতীয় সংসদ সদস্য, স্থানীয় জনপ্রতিনিধি, সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত বা অবসরপ্রাপ্ত প্রথম/দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা, স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তি বা স্থানীয় খ্যাতিমান সমাজসেবকগণের মধ্য হইতে তিনজন ব্যক্তির নাম ও জীবন-বৃত্তান্ত বোর্ডের নিকট প্রেরণ করিবেন এবং বোর্ডের চেয়ারম্যান উক্তরূপ ব্যক্তিগণের মধ্য হইতে তাঁহার বিবেচনামত একজনকে সভাপতি মনোনীত করিবেন। তবে শর্ত থাকে যে, এই উপ-প্রবিধানের অধীন কোন কর্মকর্তা বা ব্যক্তিকে দুইটির অধিক আলিম মাদ্রাসার সভাপতি পদে মনোনয়ন প্রদান করা যাইবে না।”।

নহীন্দৃষ্টে ও অধ্যক্ষের আবেদন মোতাবেক বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বড়ি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, 2009 (2012 পর্যন্ত সংশোধিত) এর ধারা 5(3) অনুসরন করে গভার্ণিং বড়ির সভাপতি মনোনয়নের তালিকা প্রস্তুত করা হয়নি।

এমতাবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের আলোকে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বড়ি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, 2009 (2012 পর্যন্ত সংশোধিত) এর ধারা 5(3) মোতাবেক প্রতিষ্ঠান প্রধান কর্তৃক স্থানীয় নির্বাচিত সংসদ সদস্য এবং স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিগণের সহিত আলোচনার প্রমাণক সহ গুনরায় মাদ্রাসার প্যাডে ০৩ (তিনি) জন ব্যক্তির নাম ও জীবন-বৃত্তান্ত সম্বলিত তালিকা (ডিও লেটারের মাধ্যমে নহে) নিয়ে স্বাক্ষরকারীর বরাবর আগামি ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৩-১০-২০২৩

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

০২-৯৬১২৮৫৮ (ফোন)

০২৫৮৬১৬৬৮১ (ফ্যাক্স)

info@bmeeb.gov.bd

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ, মহিষাবান মকছেদিয়া আলিম মাদ্রাসা (119521), ডাকঘর: মহিষাবান, গাবতলী, বগুড়া।

১৮ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: ০৩ অক্টোবর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৭.১৬.০০০০.০০৯.১৬.০০৮.২৩.৩১৫৬/১(৬)

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যোষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া;
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, বগুড়া;
- ৩। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাবতলী, বগুড়া;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গাবতলী, বগুড়া;
- ৫। পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মান্দাসা শিক্ষা বোর্ড, ঢাকা এবং
- ৬। আইন সেন, বাংলাদেশ মান্দাসা শিক্ষা বোর্ড, ঢাকা।



০৩-১০-২০২৩

মোঃ ওমর ফারুক
উপ রেজিস্ট্রার